**বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম**

**পাঠ পরিকল্পনা - ০২**

**হিসাববিজ্ঞান প্রথমপত্র**

**ষষ্ঠ অধ্যায়: প্রাপ্য হিসাবসমূহের হিসাবরক্ষণ**

**ক্লাস-০১**

**সময়: ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

- প্রাপ্য হিসাবসমূহের ধারণা
- প্রাপ্য হিসাবসমূহের প্রকারভেদ

**শিখনফল (Learning Outcome):**

- প্রাপ্যসমূহ কী তা বর্ণনা করতে পারবে।
- বিভিন্ন ধরণের প্রাপ্য হিসাবসমূহ চিহ্নিত করতে পারবে।
- প্রাপ্য হিসাব ও প্রাপ্য নোট-এর মধ্যকার পার্থক্য নিরূপণ করতে পারবে।
- কারবারি প্রাপ্যহিসাব ও অকারবারী/অন্যান্য প্রাপ্যহিসাব -এর মধ্যকার পার্থক্য নিরূপণ করতে পারবে।

**নমুনা প্রশ্ন :**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন**

প্রশ্ন: প্রাপ্য হিসাবের মূল উৎস কোনটি?

ক) পণ্য ক্রয় খ) ধারে বিক্রয় গ) অনাদায়ী পাওনা ঘ) ভাড়া প্রদান

উত্তর: (খ)

প্রশ্ন: প্রাপ্য হিসাব ব্যবসায়ের কোন ধরণের সম্পদ?

ক) অদৃশ্যমান/অস্পর্শনীয় খ) ভুয়া/কাল্পনিক/অলীক গ) স্থায়ী ঘ) তরল/চলতি

উত্তর: (ঘ)

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন**

প্রশ্ন: প্রাপ্য হিসাব বৃদ্ধি পায়/সৃষ্টি হয়-

i. ধারে পণ্য বিক্রয়ের ফলে
ii. ধারে সেবা প্রদানের ফলে
iii. অর্থ ধার দেয়ার ফলে /প্রাপ্য সুদ হতে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (ক)

প্রশ্ন: প্রাপ্য হিসাবের বিকল্প হিসাব হচ্ছে-

i. পুস্তক ঋণ হিসাব
ii. দেনাদার হিসাব
iii. ক্রয় খতিয়ান জের

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (ক)

প্রশ্ন: ব্যবসায়িক প্রাপ্যসমূহ হচ্ছে-

i. প্রাপ্য হিসাব
ii. প্রাপ্য নোট
iii. প্রাপ্য সুদ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (ক)

✪ অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন:

**নিচের অনুচ্ছেদটি পড়ে নিচের প্রশ্ন ২টির উত্তর দাও:**

১ মার্চ, ২০২০ তারিখে আলিফ ৪/২০, এন/৩০ শর্তে আলিফের নিকট ২৫,০০০ টাকার পণ্য বিক্রয় করে। আলিফ ১০ মার্চ তারিখে ৫,০০০ টাকার পণ্য ফেরত দেয় এবং ১৫ মার্চ তারিখে আলিফের পাওনা পরিশোধ করে।

প্রশ্ন: আলিফের পরিশোধিত অর্থের পরিমাণ কত?

ক) ১৯,০০০ টাকা  খ) ১৯,২০০ টাকা  গ) ২০,০০০ টাকা  ঘ) ২৫,০০০ টাকা

উত্তর: (খ)

প্রশ্ন: উল্লেখিত এন/৩০-এর তাৎপর্য কী?

ক) ৩০তম দিনে মূল্য পরিশোধ করতে হবে
খ) ৩০তম পরেও মূল্য পরিশোধ করা যাবে
গ) ৩০তম দিনের মধ্যে প্রকৃত মূল্য পরিশোধ করতে হবে
ঘ) ৩০তম দিন পর্যন্ত নির্দিষ্ট বাট্টার সুবিধা পাওয়া যাবে

উত্তর: (গ)

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

✪ আলোচ্য বিষয়ের উপর সাধারণত বহুনির্বাচনি প্রশ্ন হয়ে থাকে। বিগত তিনবছরের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপর ভালোভাবে প্রস্তুতি নিবে।
✪ আলোচ্য বিষয়ের উপর কোন সৃজনশীল প্রশ্ন হবে না।

## বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম
## পাঠ পরিকল্পনা - ০২
## হিসাববিজ্ঞান প্রথমপত্র
## ষষ্ঠ অধ্যায়: প্রাপ্য হিসাবসমূহের হিসাবরক্ষণ

## ক্লাস-০২

**সময়: ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

✪ অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি/প্রভিশন
✪ অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি/প্রভিশন এর হিসাবরক্ষণ

**✪ শিখনফল (Learning Outcome):**

✪ অনাদায়ী পাওনা কী বর্ণনা করতে পারবে।
✪ অনাদায়ী ও সন্দেহজনক পাওনা সঞ্চিতি কী তা ব্যাখ্যা করতে পারবে।
✪ সন্দেহজনক পাওনাকে অনাদায়ী পাওনা হিসাবে সমন্বয় করতে পারবে।
✪ সন্দেহজনক পাওনা সঞ্চিতিকে সমন্বয়পূর্বক প্রাপ্য হিসাব, অনাদায়ী পাওনা হিসাব, অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব তৈরি করতে পারবে

**নমুনা প্রশ্ন :**

✪ সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন:

প্রশ্ন: প্রাপ্য হিসাবের যে অর্থ আদায় হওয়ার সম্ভাবনা নয়, তাকে কী বলে?

ক) অনাদায়ী পাওনা  খ) বিক্রয় বাট্টা  গ) অনাদায়ী পাওনা সঞ্চিতি  ঘ) বাট্টা সঞ্চিতি

উত্তর: (ক)

প্রশ্ন: হিসাববিজ্ঞানে অনাদায়ী পাওনা হিসাবভুক্ত করার কয়টি পদ্ধতি আছে?

ক) দুই  খ) চার  গ) ছয়  ঘ) আট

উত্তর: (ক)

প্রশ্ন: অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাবভুক্ত করার পদ্ধতিগুলি কী?

ক) প্রত্যক্ষ পদ্ধতি ও পরোক্ষ পদ্ধতি
খ) প্রত্যক্ষ/সরাসরি অবলোপন পদ্ধতি ও সঞ্চিতি/ভাতা পদ্ধতি
গ) প্রত্যক্ষ ও অবিরত পদ্ধতি
ঘ) পরোক্ষ ও কাল্পনিক পদ্ধতি

উত্তর: (খ)

প্রশ্ন: সরাসরি অবলোপন পদ্ধতিতে প্রাপ্য হিসাব কোন মূল্যে প্রদর্শন করা হয়?

ক) মোট মূল্য  খ) আদায়যোগ্য মূল্য  গ) পাওনা মূল্য  ঘ) দেনা মূল্য

উত্তর: (খ)

প্রশ্ন: সন্দেহজনক দেনা/পাওনা সঞ্চিতির প্রকৃতি কীরূপ?

ক) ক্ষতি/নিট ক্ষতি খ) মুনাফার বন্টন গ) সঞ্চিতি/সাধারণ সঞ্চিতি ঘ) বিপরীত সম্পত্তি

উত্তর: (ঘ)

✪ বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন:

প্রশ্ন: অনাদায়ী পাওনা সঞ্চিতি হলো -

i. সম্ভাব্য ক্ষতি/অনুমিত খরচ
ii. ভবিষ্যত ব্যবস্থা
iii. প্রতি/বিপরীত সম্পত্তি

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (ঘ)

প্রশ্ন: ভবিষ্যত ব্যবস্থা সৃষ্টি করা হয় -

i. সম্পত্তি প্রতিস্থাপনের জন্য
ii. দায় পরিশোধের জন্য
iii. চলতি মূলধন বৃদ্ধির জন্য

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (ক)

✪ অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন:

**উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী ২টি প্রশ্নের উত্তর দাও:**

**প্রারম্ভিক প্রাপ্য হিসাব ৫০,০০০ টাকা, সমাপনী প্রাপ্য হিসাব ৮০,০০০ টাকা, অলিখিত অনাদায়ী পাওনা ২,০০০ টাকা, প্রাপ্য হিসাবের ওপর ৫% হারে অনাদায়ী ও সন্দেহজনক পাওনা সঞ্চিতি রাখতে হবে।**

প্রশ্ন: নতুন অনাদায়ী ও সন্দেহজনক পাওনা সঞ্চিতির পরিমাণ কত?

ক) ২,৪০০ টাকা খ) ২,৫০০ টাকা গ) ৩,৯০০ টাকা ঘ) ৪,০০০ টাকা

উত্তর: (গ)

প্রশ্ন: বছর শেষে নিট প্রাপ্য হিসাব কত?

ক) ৪৫,৫০০ টাকা খ) ৪৫,৬০০ টাকা গ) ৭৪,০০০ টাকা ঘ) ৭৪,১০০ টাকা

উত্তর: (ঘ)

**উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী ২টি প্রশ্নের উত্তর দাও:**

রেওয়ামিল(আংশিক)
৩১ ডিসেম্বর, ২০১৯

| হিসাবের | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রাপ্য হিসাব | ১,২০,০০০ | |
| অনাদায়ী পাওনা | ১৫,০০০ | |
| অনাদায়ী পাওনা সঞ্চিতি | | ১২,০০০ |

**সমন্বয়:** অলিখিত বিক্রয় ৮০,০০০ টাকা। বছর শেষে মোট অনাদায়ী পাওনার পরিমাণ হবে ১৭,০০০ টাকা।

প্রশ্ন: যদি প্রাপ্য হিসাবের ওপর ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখা হয় তাহলে চলতি বছরের অনাদায়ী কোম্পানি গঠনের প্রাথমিক খরচাবলি কত?

ক) ১৬,৮০০ টাকা খ) ১৮,০০০ টাকা গ) ১৮,৩০০ টাকা ঘ) ১৯,৮০০ টাকা

উত্তর: (ঘ)

প্রশ্ন: যদি অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ৫% বাট্টা সঞ্চিতি রাখা হয়, তাহলে বাট্টা সঞ্চিতির পরিমাণ কত হবে?

ক) ৫,৩১০ টাকা খ) ৮,২৩৫ টাকা গ) ৮,৩২৫ টাকা ঘ) ৮,৯১০ টাকা

উত্তর: (ক)

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

✪ আলোচ্য বিষয়ের ওপর সৃজনশীল প্রশ্ন হয়। সৃজনশীল প্রশ্ন নিয়ে ব্যবহারিক সমস্যা সমাধানের সময় বিস্তারিত আলোচনা করা হবে।

✪ তবে আলোচ্য বিষয়ের উপর বহুনির্বাচনি প্রশ্নও হয়ে থাকে। বিগত ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপর ভালোভাবে প্রস্তুতি নিবে।

<><><><><><><><><><><><><><>

বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

পাঠ পরিকল্পনা - ০২

হিসাববিজ্ঞান প্রথমপত্র

ষষ্ঠ অধ্যায়: প্রাপ্য হিসাবসমূহের হিসাবরক্ষণ

## ক্লাস-০৩

**সময়: ৪৫ মিনিট**

### আলোচ্য সূচি:

- অনাদায়ী পাওনা আদায়ের হিসাবরক্ষণ
- প্রাপ্য নোট ও প্রস্তুতকরণ
- প্রাপ্য নোট বিক্রয়

### শিখনফল (Learning Outcome):

- অবলোপনকৃত অনাদায়ী পাওনা আদায় কী তা বর্ণনা করতে পারবে।
- অবলোপনকৃত অনাদায়ী পাওনা আদায় হিসাবভুক্ত করতে পারবে।
- প্রাপ্য নোট কী তা বর্ণনা করতে পারবে।
- প্রাপ্য নোট প্রস্তুত করতে পারবে।
- প্রাপ্য নোট প্রস্তুত ও প্রাপ্য নোট বিক্রয়ের দাখিলা হিসাবের বইতে লিপিবদ্ধ করতে পারবে।

### নমুনা প্রশ্ন :

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন**

প্রশ্ন: কোনটি বাট্টা করা যায়?

ক) চেক খ) ডেবিট কার্ড গ) পে-অর্ডার ঘ) প্রতিশ্রুতি পত্র

উত্তর: (ঘ)

প্রশ্ন: ০১ মার্চ, ২০২০ তারিখে ৯০ দিন মেয়াদি প্রদেয় নোটে স্বীকৃতি দেয়া হলো। নোটটির মেয়াদপূর্তির তারিখ হবে?

ক) ২৯ মে খ) ৩০ মে গ) ৩১ মে ঘ) ২ জুন

উত্তর: (খ)

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন**

প্রশ্ন: অবলোপনকৃত অনাদায়ী পাওনা আদায় -

i. প্রতিষ্ঠানের সম্পদ বৃদ্ধি করে
ii. প্রতিষ্ঠানের মালিকানা স্বত্ব বৃদ্ধি করে
iii. প্রতিষ্ঠানের আয় বৃদ্ধি করে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (ঘ)

প্রশ্ন: অনাদায়ী পাওনা আদায় হলে -

i. প্রাপ্য হিসাব ডেবিটট করতে হবে
ii. অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব ক্রেডিট করতে হবে
iii. নগদান হিসাব ডেবিট করতে হবে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উত্তর: (ঘ)

**অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন**

**উদ্দীপকটি পড়ো এবং পরবর্তী ২টি প্রশ্নের উত্তর দাও:**

**মি. কবির মি. আসাদের নিকট হতে ২০২০ সালের ১ মার্চ তারিখে ৩ মাস মেয়াদি ১৫,০০০ টাকার একটি বিলে স্বীকৃতি পেলেন। মি. করিম ঐ দিনই বিলটি ১২% সুদে ব্যাংক থেকে বাট্টা করে নিলেন।**

প্রশ্ন: বিলের মেয়াদ পূর্তি দিবস কোনটি?

ক) ১ জুন, ২০২০ খ) ২ জুন, ২০২০ গ) ৩ জুন, ২০২০ ঘ) ৪ জুন, ২০২০

উত্তর: (ক)

প্রশ্ন: বিলের বাট্টার পরিমাণ কত?

ক) ৪৫০ টাকা খ) ৬০০ টাকা গ) ৯০০ টাকা ঘ) ১,৮০০ টাকা

উত্তর: (ঘ)

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

- ✪ আলোচ্য বিষয়ের ওপর সাধারণত সৃজনশীল প্রশ্ন হয়। সৃজনশীল প্রশ্ন নিয়ে ব্যবহারিক সমস্যা সমাধানের সময় বিস্তারিত আলোচনা করা হবে।
- ✪ অলোচ্য বিষয়ের ওপর বহুনির্বাচনি প্রশ্নও হয়। অতএব, বিগত ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপর ভালোভাবে প্রস্তুতি নিবে।

<><><><><><><><><><><><><>

## বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## পাঠ পরিকল্পনা - ০২

## হিসাবিবজ্ঞান প্রথমপত্র

## ষষ্ঠ অধ্যায়: প্রাপ্য হিসাবসমূহের হিসাবরক্ষণ

## ক্লাস-০৪

**সময়: ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

- ✪ অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি সংক্রান্ত ব্যবহারিক সমস্যার সমাধান

**শিখনফল (Learning Outcome):**

- অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি সংক্রান্ত লেনদেনের জাবেদা দাখিলা প্রদান করতে পারবে।
- অনাদায়ী পাওনা হিসাব, অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব ও প্রাপ্য হিসাব প্রস্তুত করতে পারবে।
- বিশদ আয় বিবরণীতে অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি সংক্রান্ত লেনদেন প্রদর্শন করতে পারবে।
- আর্থিক অবস্থার বিবরণীতে অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি সংক্রান্ত লেনদেন উপস্থাপন করতে পারবে।

**নমুনা প্রশ্ন :**

২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে রুপালী লিমিটেড-এর অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ ছিল ১,৫০০ টাকা। ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে প্রাপ্য হিসাবের উদ্বৃত্ত ৪১,৫০০ টাকা। অবলোপনকৃত অনাদায়ী পাওনার পরিমাণ ২,৫০০ টাকা এবং অলিখিত অনাদায়ী পাওনা ২,০০০ টাকা। প্রাপ্য হিসাবের ওপর ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখতে হবে।

**২ নম্বরের উপযোগী প্রশ্ন:**

- ✪ মোট অনাদায়ী পাওনার পরিমাণ নির্ণয় করো।
- ✪ নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ নির্ণয় করো।
- ✪ চার্জযোগ্য অনাদায়ী পাওনা/অনাদায়যোগ্য/ অনাদায়ী পাওনা খরচের পরিমাণ নির্ণয় করো।

**৪ নম্বরের উপযোগী প্রশ্ন:**

- ✪ অনাদায়ী পাওনা হিসাব ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব প্রস্তুত করো।
- ✪ উপর্যুক্ত লেনদেনের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও।
- ✪ বিশদ আয় বিবরণীতে অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি কীভাবে প্রদর্শিত হবে তা দেখাও
- ✪ অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি আর্থিক অবস্থার বিবরণীতে কীভাবে প্রদর্শিত হতে তা দেখাও।

**বাড়ীর কাজ :**

যমুনা লিমিটেড-এর হিসাব বই হতে নিচের তথ্যাবলি তোমাকে দেয়া হলো:
২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে অনাদায়ী পাওনা সঞ্চিতির উদ্বৃত্ত ২,৫০০ টাকা।
চলতি বছরে অসমন্বিত অনাদায়ী পাওনার পরিমাণ ২,৮০০ টাকা। ৩১ ডিসেম্বর তারিখে প্রাপ্য হিসাবের জের ছিল ৫০,০০০ টাকা। ভবিষ্যৎ ব্যবস্থার অংশ হিসেবে প্রাপ্য হিসাবের জেরের ওপর ১০% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।
করণীয়:
(১) নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ নির্ণয় করো।(২) চার্জযোগ্য অনাদায়ী পাওনা/অনাদায়যোগ্য/ অনাদায়ী পাওনা খরচের পরিমাণ নির্ণয় করো।(৩) উপর্যুক্ত লেনদেনের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও।(৪) অনাদায়ী পাওনা হিসাব ও অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব প্রস্তুত করো।(৫) বিশদ আয় বিবরণীতে অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি কীভাবে প্রদর্শিত হবে তা দেখাও এবং (৬) অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি আর্থিক অবস্থার বিবরণীতে কীভাবে প্রদর্শিত হতে তা দেখাও।

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

- ✪ ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপর ভালোভাবে প্রস্তুতি নিবে।

<><><><><><><><><><><><><><>

**বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম**

**পাঠ পরিকল্পনা - ০২**

**হিসাববিজ্ঞান প্রথমপত্র**

**ষষ্ঠ অধ্যায়: প্রাপ্য হিসাবসমূহের হিসাবরক্ষণ**

**ক্লাস-০৫**

**সময়: ৪৫ মিনিট**

**আলোচ্য সূচি:**

✪ ধারে বিক্রয়, অনাদায়ী পাওনা, অনাদায়ী পাওনা আদায়, অনাদায়ী পাওনা সঞ্চিতি ও প্রাপ্য হিসাব সংক্রান্ত ব্যবহারিক সমস্যার সমাধান

**শিখনফল (Learning Outcome):**

- অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি সংক্রান্ত লেনদেনের জাবেদা দাখিলা প্রদান করতে পারবে।
- অনাদায়ী পাওনা হিসাব, অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব ও প্রাপ্য হিসাব প্রস্তুত করতে পারবে।
- বিশদ আয় বিবরণীতে অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি সংক্রান্ত লেনদেন প্রদর্শন করতে পারবে।
- আর্থিক অবস্থার বিবরণীতে অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি সংক্রান্ত লেনদেন উপস্থাপন করতে পারবে।

**নমুনা প্রশ্ন :**

২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখের মেসার্স তাহের ব্রাদার্সের আর্থিক অবস্থার বিবরণীতে প্রাপ্য হিসাবের পরিমাণ ২,০০,০০০ টাকা এবং অনাদায়ী পাওনা সঞ্চিতি ছিল ১২,০০০ টাকা। ২০২০ সালে প্রাপ্য হিসাব সম্পর্কিত নিম্নলিখিত লেনদেনগুলো সম্পাদিত হয়:

১) ধারে বিক্রয় ৫,০০,০০০ টাকা।
২) প্রাপ্য হিসাব আদায় হলো ২,৫০,০০০ টাকা।
৩) অনাদায়ী পাওনা অবলোপন করা হলো ৮,০০০ টাকা।
৪) ইতোপূর্বে অবলোপনকৃত অনাদায়ী পাওনা আদায় হলো ৫,০০০ টাকা।

মেসার্স তাহের ব্রাদাসের অনাদায়ী পাওনার জন্য প্রাপ্য হিসাবের ওপর ৫% হারে অনাদায়ী পাওনা প্রভিশন রাখার সিদ্ধান্ত গ্রহণ করে।

**২ নম্বরের উপযোগী প্রশ্ন:**

✪ ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রাপ্য হিসাবের নগদ আদায়যোগ্য মূল্য নির্ণয় করো।
✪ নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ নির্ণয় করো।
✪ চার্জযোগ্য অনাদায়ী পাওনা/অনাদায়যোগ্য/ অনাদায়ী পাওনা খরচের পরিমাণ নির্ণয় করো।

**৪ নম্বরের উপযোগী প্রশ্ন:**

✪ অনাদায়ী পাওনা হিসাব, অনাদায়ী পাওনা সঞ্চিতি ও প্রাপ্য হিসাব প্রস্তুত করো।
✪ উপর্যুক্ত লেনদেনের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও।
✪ বিশদ আয় বিবরণীতে অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি কীভাবে প্রদর্শিত হবে তা দেখাও
✪ অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি আর্থিক অবস্থার বিবরণীতে কীভাবে প্রদর্শিত হতে তা দেখাও।

**বাড়ীর কাজ :**

২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে নাজমুল ব্রাদার্সের আর্থিক অবস্থার বিবরণীতে প্রাপ্য হিসাব ৩,০০,০০০ টাকা, যা থেকে ১৮,০০০ টাকা অনাদায়ী পাওনা প্রভিশন বাদ দিয়ে দেখানো হয়েছিল। ২০২০ সালে প্রাপ্য হিসাব সম্পর্কিত নিচের লেনদেনগুলো সম্পাদিত হয়:

a) ধারে বিক্রয় ৭,৫০,০০০ টাকা।
b) প্রাপ্য হিসাব আদায় হলো ৩,৭৫,০০০ টাকা।
c) অনাদায়ী পাওনা অবলোপন করা হলো ১২,০০০ টাকা।
d) ইতোপূর্বে অবলোপনকৃত অনাদায়ী পাওনা আদায় হলো ৭,৫০০ টাকা।

**অতিরিক্ত তথ্যাবলি:**

মোট অনাদায়ী পাওনা ১৫,০০০ টাকা। অনাদায়ী পাওনা প্রভিশন ২২,৫০০ টাকায় উন্নীত করতে হবে।

করণীয়:

(১) নতুন/অলিখিত অনাদায়ী পাওনা পরিমাণ নির্ণয় করো। (২) চার্জযোগ্য অনাদায়ী পাওনা/অনাদায়যোগ্য/ অনাদায়ী পাওনা খরচের পরিমাণ নির্ণয় করো।(৩) উপর্যুক্ত লেনদেনের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও।(৪) অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব ও প্রাপ্য হিসাব প্রস্তুত করো।(৫) অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি বিশদ আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণীতে কীভাবে প্রদর্শিত হতে তা দেখাও।

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

✪ ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপর ভালোভাবে প্রস্তুতি নিবে।

<><><><<><><><><><><>

বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

পাঠ পরিকল্পনা - ০২

হিসাববিজ্ঞান প্রথমপত্র

ষষ্ঠ অধ্যায়: প্রাপ্য হিসাবসমূহের হিসাবরক্ষণ

ক্লাস-০৬

সময়: ৪৫ মিনিট

**আলোচ্য সূচি:**

✪ প্রাপ্য নোট প্রস্তুত ও প্রাপ্য নোট বিক্রয় সংক্রান্ত ব্যবহারিক সমস্যার সমাধান

**শিখনফল (Learning Outcome):**

- প্রাপ্য নোটের মেয়াদ পূর্তির তারিখ গণনা করতে পারবে।
- প্রাপ্য নোট সংক্রান্ত হিসাবভুক্ত করার প্রয়োজনীয় জাবেদা দাখিলা প্রদান করতে পারবে।
- প্রাপ্য নোট ও প্রাপ্য হিসাব প্রস্তুত করতে পারবে।
- প্রাপ্য নোট ও প্রাপ্য হিসাব সংক্রান্ত লেনদেন বিশদ আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণীতে উপস্থাপন করতে পারবে।

**নমুনা প্রশ্ন:**

মাহি এন্ড কোং -এর হিসাবকাল অর্ধবছরান্তে সমাপ্ত। ২০১৯ সালের ১ জুলাই তারিখে মাহি এন্ড কোং -এর প্রাপ্য হিসাবের ব্যালেন্স ছিল ১,০০,০০০ টাকা। উক্ত অর্ধবছরের নির্বাচিত লেনদেন নিম্নে দেয়া হলো:

জুলা-০১ রাজু এন্ড কোং-এর নিকট হতে ২০,০০০ টাকার, ৪ মাস মেয়াদি, একটি প্রাপ্য নোট পাওয়া গেল যার সুদের হার ১২%।
নভে-০১ রাজু এন্ড কোং-এর প্রাপ্য নোটের টাকা সুদসহ পাওয়া গেল।
নভে-০১ জাহিদের নিকট ৩০,০০০ টাকার পণ্য বিক্রয় করে ৯০ দিন মেয়াদি একটি প্রাপ্য নোট পাওয়া গেল যার সুদের হার ১০%।
ডিসে-৩১ জাহিদের প্রাপ্য নোটটির ওপর সুদ প্রাপ্য হলো।

**করণীয়:**

✪ রাজু এন্ড কোং এর প্রাপ্য নোটটির মেয়াদ পূর্তির তারিখ নির্ণয় করো।
✪ জাহিদের প্রাপ্য নোটটির মেয়াদ পূর্তির দিন নির্ণয় করো।
✪ মাহি এন্ড কোং-এর সুদ বাবদ আয় নির্ণয় করো।
✪ প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও।
✪ প্রাপ্য নোট ও প্রাপ্য হিসাব প্রস্তুত করো।
✪ বিশদ আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণীতে উপযুক্ত লেনদেন কীভাবে প্রদর্শিত হবে তা দেখাও।

**বাড়ীর কাজ :**

নিচে বর্ণিত তথ্যবলি নাইমুল এন্টারপ্রাইজের হিসাব বই হতে নেয়া হয়েছে –

| হিসাবের নাম | ৩১ ডিসেম্বর ২০১৮ | ৩১ ডিসেম্বর ২০১৯ |
|---|---|---|
| অনাদায়ী পাওনা সঞ্চিতি(০১/০১/১৮) | ১২,০০০ টাকা | -- |
| লিখিত অনাদায়ী পাওনা | ৬,০০০ টাকা | -- |
| অলিখিত অনাদায়ী পাওনা | ১০,৫০০ টাকা | ৫,৪০০ টাকা |
| অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখতে হবে | ২.৫% | ৫% |
| প্রাপ্য হিসাব | ২,২৬,৫০০ টাকা | ১,৫৫,৪০০ টাকা |

**করণীয়:**

১) মোট অনাদায়ী পাওনা পরিমাণ নির্ণয় করো।
২) চার্জযোগ্য অনাদায়ী পাওনা/অনাদায়যোগ্য/ অনাদায়ী পাওনা খরচের পরিমাণ নির্ণয় করো।
৩) উপর্যুক্ত লেনদেনের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও।
৪) অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব ও প্রাপ্য হিসাব প্রস্তুত করো।
৫) অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি বিশদ আয় বিবরণী ও আর্থিক অবস্থার বিবরণীতে কীভাবে প্রদর্শিত হতে তা দেখাও।

**বিশেষ পরামর্শ/মন্তব্য:**

✪ বিভিন্ন শিক্ষা বোর্ডের প্রশ্নগুলির ওপর ভালোভাবে প্রস্তুতি নিবে।

<><><><><><><><><><><><><><>